



মিরপুরে ফুটপাথ উচ্ছেদ অভিযানে হকারদের সঙ্গে পুলিশের সংঘর্ষ



ছবি: সংগৃহীত

রাজধানীর মিরপুর ১০ নম্বর মোড়ে ফুটপাথ উচ্ছেদ অভিযানকে কেন্দ্র করে হকার ও ব্যবসায়ীদের সঙ্গে পুলিশের সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ সময় সিটি করপোরেশনের তিনটি ময়লার গাড়িতে আগুন দেওয়া হয়েছে। ভাঙচুর করা হয়েছে উচ্ছেদ অভিযানে ব্যবহৃত একটি ভেকু (এক্সট্রাক্টর) ও পুলিশের একটি গাড়ি।

বুধবার (৩০ সেপ্টেম্বর) ঢাকা উত্তর সিটি করপোরেশনের উচ্ছেদ অভিযান চলাকালে এ ঘটনা ঘটে। অভিযান চলার সময় বিদ্যুৎ সংযোগের শটসার্কিট থেকে হঠাৎ আগুনের সূত্রপাত হলে স্থানীয় হকার ও ফুটপাথের ব্যবসায়ীদের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়ে। পরে পরিস্থিতি সংঘর্ষে রূপ নেয়।

একপর্যায়ে বিক্ষুব্ধ হকার ও ব্যবসায়ীরা সিটি করপোরেশনের তিনটি ময়লার গাড়িতে আগুন ধরিয়ে দেন। পাশাপাশি উচ্ছেদ অভিযানে ব্যবহৃত ভেকু ও পুলিশের গাড়িতে ভাঙচুর চালানো হয়।

খবর পেয়ে ফায়ার সার্ভিসের দুটি ইউনিট ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে। এ ঘটনায় মিরপুর ১০ নম্বর মোড় এলাকায় উত্তপ্ত পরিস্থিতি বিরাজ করছে।